রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৪, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শাখা-১১

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে আষাঢ়, ১৩৯৫/১৪ই জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও ২২৫-আইন/৮৮/শা-১১/১আর-১/৮৭/১৪৮—Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 146 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।—(১) এই বিধিমালা পৌরসভা কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পৌরসভার ওয়ার্কচার্জড, কন্টিনজেন্সী ও চুক্তিভিত্তিক কর্মচারী ও প্রেষণে নিয়োজিত কর্মচারী ব্যতীত অন্য সকল কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কর্মচারী" অর্থ শিক্ষানবিস, স্থায়ী বা অস্থায়ী নির্বিশেষে পৌরসভার সকল কর্মচারী, এবং একজন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(খ) "চাঁদাপ্রদানকারী" অর্থ এই বিধিমালা অনুসারে তহবিলে চাঁদা প্রদান করেন এমন একজন কর্মচারী;

(গ) "তহবিল" অর্থ বিধি ৩ এর অধীনে গঠিত ভবিষ্য তহবিল;



মূল্যঃ টাকা ১·২০

(ঘ) "পরিবার" অর্থ,—

(অ) পুরুষ চাঁদাপ্রদানকারীর ক্ষেত্রে, তাহার স্ত্রী (বা স্ত্রীগণ), এবং সন্তান-সন্ততিগণঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন চাঁদাপ্রদানকারী এই মর্মে প্রমাণ করেন যে, তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন বা প্রথাভিত্তিক আইন অনুসারে খোর-পোষ লাভের অধিকারী নহেন, তাহা হইলে উক্ত স্ত্রী তাহার পরিবারের সদস্যা হিসাবে বিবেচিত হইবেন না, তবে চাঁদাপ্রদানকারী যে কোন সময় হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট এতদুদ্দেশ্যে আবেদন করিয়া, উক্ত স্ত্রীকে তাহার পরিবার-ভুক্ত করিতে পারেন;

(আ) মহিলা চাঁদাপ্রদানকারীর ক্ষেত্রে, তাহার স্বামী ও সন্তান-সন্ততিগণঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন মহিলা চাঁদাপ্রদানকারী তাহার স্বামীকে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে তাহার পরিবারভুক্ত গণ্য না করার জন্য লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করেন, তাহা হইলে উক্ত স্বামী তাহার পরিবারের সদস্য হিসাবে বিবেচিত হইবেন না, তবে উক্ত চাঁদাপ্রদানকারী যে কোন সময় হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট এতদুদ্দেশ্যে আবেদন করিয়া উক্ত স্বামীকে তাহার পরিবারভুক্ত করিতে পারেন।

(ঙ) "পৌরসভা" অর্থ The Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 2(33) তে সংজ্ঞায়িত Paurashava ;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ছ) "হিসাব রক্ষণ কর্মকর্তা" অর্থ পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা;

(জ) "সন্তান-সন্ততি" অর্থ বৈধ সন্তান-সন্ততি।

৩। **ভবিষ্য তহবিল, ইত্যাদি।**—(১) প্রতিটি পৌরসভায় একটি তহবিল গঠিত হইবে যাহা সংশ্লিষ্ট পৌরসভার নাম অনুসারে পৌরসভা কর্মচারী ভবিষ্য তহবিল নামে অভিহিত হইবে।

(২) তহবিলে হিসাব খুলিবার জন্য এই বিধিমালা প্রবর্তনের সময় পৌরসভার চাকুরীতে বিদ্যমান যে কোন কর্মচারী অনুরূপ প্রবর্তনের ছয় মাসের মধ্যে হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট ফরম 'ক' তে আবেদন করিবেন এবং অন্যান্য কর্মচারী পৌরসভার চাকুরীতে যোগদানের ছয় মাসের মধ্যে উক্ত ফরমে উক্ত কর্মকর্তার নিকট আবেদন দাখিল করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে, কোন কর্মচারী Local Councils Servants (Contributory Provident Fund and Gratuity) Rules, 1968 এর অধীনে অনুরূপ কোন আবেদনপত্র দাখিল করিয়া থাকিলে এই উপ-বিধির অধীনে কোন আবেদনপত্র দাখিলের প্রয়োজন হইবে না।

(৩) উপ-বিধি (২) এর অধীনে দাখিলকৃত আবেদনপত্র সম্পর্কে সন্তুষ্ট হইলে হিসাব রক্ষণ কর্মকর্তা আবেদনপত্র মঞ্জুর করতঃ আবেদনকারীর নামে একটি পৃথক হিসাব খুলিয়া একটি হিসাব নং বরাদ্দ করিবেন এবং উহা সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে জানাইয়া দিবেন।

(৪) তহবিলে জমাকৃত ও উহা হইতে পরিশোধিত বা বিনিয়োগকৃত অর্থ সম্পর্কে হিসাব রক্ষণ কর্মকর্তা যাবতীয় হিসাব সংরক্ষণ করিবেন।

(৫) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক তহবিলের হিসাব প্রচলিত আইন অনুসারে নিরীক্ষা করিতে পারিবেন।

৪। **তহবিলে দেয় চাঁদা।**—(১) প্রত্যেক চাঁদাপ্রদানকারী তাহার মূল বেতনের ১০% এর সমপরিমাণ চাঁদা তহবিলে প্রদান করিবেন এবং উক্ত চাঁদা তাহার মাসিক বেতন-বিল হইতে কর্তন করিয়া তহবিলে জমা করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, চাঁদাপ্রদানকারী উক্ত হার অপেক্ষা অধিক হারেও চাঁদা প্রদান করিতে পারেন।

(২) পৌরসভা প্রতিমাসে ইহার নিজস্ব তহবিল হইতে প্রত্যেক চাঁদাপ্রদানকারীর মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকার চাঁদা তহবিলে প্রদান করিবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীনে প্রদত্ত চাঁদা সংশ্লিষ্ট কর্মচারীর ভবিষ্য তহবিল-হিসাবে জমা দেখানো হইবে।

(৪) কোন চাঁদাপ্রদানকারী বেতনসহ ছুটিতে থাকিলে তাহার চাঁদা প্রদান অব্যাহত থাকিবে; কিন্তু তিনি বিনা বেতনে ছুটিতে থাকিলে, চাঁদা প্রদানে কোন বাধ্য-বাধকতা থাকিবেনা এবং উক্ত চাঁদা তিনি ছুটি শেষ হওয়ার পরেও জমা দিতে পারেন।

৫। **সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন চাঁদা প্রদান।**—কোন চাঁদাপ্রদানকারী সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন ভবিষ্য তহবিলে চাঁদা দান করিতে পারিবেন না, তবে পুনর্বহাল হওয়ার পর একত্রে উক্ত সময়ের বকেয়া চাঁদা প্রদান করিতে পারিবেন।

৬। **ভবিষ্য-তহবিল-হিসাবে জমাকৃত টাকা স্থানান্তর।**—কোন চাঁদাপ্রদানকারী সাধারণভাবে, বা পদোন্নতি লাভ করিয়া, অন্য কোন পৌরসভায় বা পৌর কর্পোরেশনে বদলী হইলে তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে জমাকৃত সমুদয় টাকা উক্ত অন্য পৌরসভা বা পৌর কর্পোরেশনের ভবিষ্য-তহবিলে স্থানান্তর করিতে হইবে এবং সেখানেও তাহার নামে একটি পৃথক হিসাব খুলিয়া স্থানান্তরিত টাকা ও পরবর্তীতে জমাকৃত টাকা উক্ত হিসাবে জমা দেখানো হইবে।

৭। **তহবিলের টাকা বিনিয়োগ পদ্ধতি।**—(১) সরকারের আদেশ দ্বারা সময় সময় নির্ধারিত পদ্ধতি অনুসারে তহবিলের টাকা বিনিয়োগ করা হইবে।

(২) সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে পৌরসভা প্রত্যেক চাঁদাপ্রদানকারীকে তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে জমাকৃত চাঁদার উপর সুদ প্রদান করিবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ সুদ গ্রহণ করিতে ইচ্ছুক নহেন মর্মে কোন চাঁদাপ্রদানকারী লিখিতভাবে হিসাব রক্ষণ কর্মকর্তাকে অবহিত করিলে, এই বিধির অধীনে কোন সুদ প্রদানের প্রয়োজন হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, পূর্বে জমাকৃত কোন সুদ গ্রহণ করিতে কোন চাঁদাপ্রদানকারী অনিচ্ছুক হইলে, পৌরসভা উক্ত সুদের টাকা প্রাপ্ত হইবে।

৮। **মনোনয়ন।**—(১) কোন চাঁদাপ্রদানকারীর মৃত্যু হইলে, তাহার ভবিষ্য তহবিল-হিসাবে জমাকৃত টাকা কে গ্রহণ করিবে তাহা নির্ধারণের জন্য প্রত্যেক চাঁদাপ্রদানকারী, চাঁদাপ্রদান শুরু করিবার সময়, তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে ফরম 'খ' এর মাধ্যমে মনোনীত করিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন চাঁদাপ্রদানকারীর পরিবার না থাকিলে, যে কোন এক বা একাধিক ব্যক্তি উক্ত ফরমের মাধ্যমে মনোনীত করিতে পারিবেন; এবং অনুরূপ মনোনয়নের পরে তিনি কোন সময় পরিবার অর্জন করিলে উক্ত মনোনয়ন বাতিল হইয়া যাইবে এবং তিনি অবিলম্বে তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে এই উপ-বিধির অধীনে মনোনীত করিবেন।